22 OCT 2016
2

যুগান্তর



ফরিদপুরের মধুখালীতে স্কুল ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় ক্লাস নেয়া হচ্ছে গাছতলায় যুগান্তর

# মধুখালীতে খোলা আকাশের নিচে পাঠদান

**মধুখালী (ফরিদপুর) প্রতিনিধি**

মধুখালী উপজেলার ডুমাইন ইউনিয়নের ভেল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়টিতে প্রায় ১৪০ জন শিক্ষার্থী এবং ৫ জন শিক্ষক রয়েছেন। বর্তমানে বিদ্যালয়ের একমাত্র ভবনটিতে ফাটল এবং জরাজীর্ণ অবস্থার সৃষ্টি হওয়ায় সেটি ব্যবহারে অনুপযোগী হয়ে পড়েছে। কোমলমতি শিশুদের বিষয়টি চিন্তা করে ইতিমধ্যে উপজেলা শিক্ষা অফিস থেকে ভবনটি পরিত্যক্ত ঘোষিত হওয়ায় ক্লাস চলছে খোলা আকাশের নিচে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামরুল আহসান (মামুন) জানান, ১৩ নভেম্বর ২০১৫ তারিখে অফিসিয়ালি ক্লাস নেয়া বন্ধ করেন। তাছাড়া বিল্ডিংটি যে কোনো পরিস্থিতিতে ধসে যেতে পারে ভেবে শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে ক্লাস নিতে হচ্ছে। মধুখালী উপজেলা শিক্ষা অফিসার মো. আবদুল মালেক জানান, এ বিদ্যালয়ে ১৯৯৩-৯৪ অর্থবছরে একটি নতুন বিল্ডিং নির্মাণ করা হয়। বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগ ও ভূমিকম্পে গত ৮ নভেম্বর ২০১৫ ভবনটির ফাটল ধরায় শিক্ষার্থীদের কথা বিবেচনা করে ভবনটি সম্প্রতি পরিত্যক্ত ঘোষণা করে ক্লাস বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়। তারপরও শিক্ষকরা পড়ালেখার চিন্তা করে শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে ক্লাস নিচ্ছে শুনেছি। তিনি জানান, স্কুলটি সংস্কারের বিষয়ে ডিজি ও ডিপিইও এবং উপজেলা সমন্বয় কমিটিতে উপস্থাপন করা হয়েছে দ্রুত মেরামতের জন্য।